78

তারের কাগজ

তারিখ ... 21 JUL 1998 ...
পৃষ্ঠা: ৭২ কলাম ৪

ছাত্রলীগ-ছাত্রদলের কর্মসূচি নেই

ঢা.বি. ছাত্র বেতন বৃদ্ধির প্রতিবাদে ছোট সংগঠনগুলো আন্দোলন চালিয়ে যাচ্ছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্ধিত বেতন ফি'র ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও আন্দোলনকারী ছাত্র সংগঠনগুলোর বক্তব্যে কোনো মিল নেই।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক বিবৃতিতে বর্ধিত বেতন ফি'কে যৌক্তিক বলে দাবি করেছে। অপরদিকে আন্দোলনকারী ছাত্র সংগঠনগুলো এ বৃদ্ধিকে বিশ্ববিদ্যালয়কে ব্যবসাকেন্দ্র বানানোর চক্রান্ত বলে অভিহিত করেছে। বাংলাদেশ ছাত্রলীগ ও জাতীয়তাবাদী ছাত্রদল ছাড়া আর সব ছাত্র সংগঠন বেতন ফি বৃদ্ধির প্রতিবাদে আন্দোলনে নেমেছে।

ছাত্র সংগঠনগুলো দাবি করছে '৯৬-৯৭ শিক্ষাবর্ষের তুলনায় ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে ভর্তি ফি বিজ্ঞান অনুষদে মোট ১২৫০ টাকা, কলা অনুষদে মোট ১২৬৪ টাকা এবং বাণিজ্য অনুষদে মোট ২১৬৪ টাকা বৃদ্ধি করা হয়েছে। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বেতন-ফি মাসে গড়ে ছাত্র প্রতি মাত্র ৪০ টাকা বৃদ্ধি করা হয়েছে বলে বিবৃতি দিয়েছে।

বেতন ফি বৃদ্ধি এবং তা সম্পর্কে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্যের প্রতিবাদে গণতান্ত্রিক ছাত্রঐক্য, ছাত্র ফেডারেশন, জাতীয় ছাত্রদলসহ কয়েকটি ছাত্র সংগঠন মিছিল, সমাবেশ, অবস্থান ধর্মঘট ও ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে।

কিন্তু বিশ্ববিদ্যালয়ের দুই প্রধান ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ এবং জাতীয়তাবাদী ছাত্রদল এ ব্যাপারে কোনো কর্মসূচি দেয়নি।